



”দুর্যোগ হ্রাসকল্পে বাংলাদেশ যুবগোষ্ঠীর ওয়াকাইয়ামা ঘোষণা ”

এশিয়ান ইয়থ ফোরাম ফর ডিজাস্টার রিডাকশান এডুকেশন এর আয়োজক কমিটি, ওয়াকাইয়ামা প্রিফেকচারাল বোর্ড অব এডুকেশন, এশিয়া / প্যাসিফিক কালচারাল সেন্টার ফর ইউনেসকো (এ,সি,সি,ইউ) এবং ইনামুরা নোহি কাউন্সিল আয়োজিত দুর্যোগ হ্রাস বিষয়ক এশিয়ান ইয়থ সামিটে অংশগ্রহণকারী দেশ সমূহের প্রতিনিধি হিসেবে আমরা বাংলাদেশী যুব গোষ্ঠী ওয়াকাইয়ামা জাপানের সামিটস্থলে অদ্য ২রা নভেম্বর ২০০৬ এতদ্বারা ঘোষণা করছি :

১. কোন প্রকার পূর্ব সংকেত ছাড়াই প্রাকৃতিক দুর্যোগ যে কোন সময় সংঘটিত হতে পারে । পূর্ব প্রস্তুতিই এ ক্ষেত্রে জীবন ও জীবিকার ঝুঁকি হ্রাস করার কার্যকর কৌশল ।
২. দুর্যোগ থেকে মুক্তি ও নিরাপদ জীবনযাপন মানুষের মৌলিক অধিকার ।
৩. দুর্যোগ ঝুঁকি হ্রাস আমাদের সামাজিক ও সার্বজনীন কর্তব্য যা স্থানীয় ও বৈশ্বিক সকল পর্যায়ে পালনীয় ।
৪. দুর্যোগের পূর্ব ও পরবর্তী পরিকল্পিত সমস্টিগত পদক্ষেপ এবং এ বিষয়ে শিক্ষা, সচেতনতা ও দক্ষতা অপরিহার্য ।
৫. দুর্যোগ সম্পর্কিত স্থানীয় পূর্ব অভিজ্ঞতা, প্রচলিত জ্ঞান ও গবেষণার ফলাফল সংগ্রহ, সংরক্ষণ, বিশ্বব্যাপি প্রচার, প্রসার ও অনুসরণ দুর্যোগ ঝুঁকি হ্রাসের মুখ্য উপাদান ।
৬. বিশ্বব্যাপী দুর্যোগ প্রশমনে আন্তঃদেশীয় ও আঞ্চলিক উদ্যোগ দুর্যোগ ব্যবস্থাপনার কার্যকর প্রতিষ্ঠানিক ব্যবস্থা যা বিশ্ব জলবায়ু ও পরিবেশ সংরক্ষণের প্রধান সহায়ক হতে পারে ।
৭. জীবন, জীবিকা ও সম্পদের ক্ষতি হ্রাস করা এবং উপর্যুপরি আক্রান্ত/ কবলিত দরিদ্র জনগোষ্ঠীর এ সম্পর্কিত শিক্ষা তাদের ব্যক্তিগত ও আর্থ-সামাজিক সক্ষমতা বৃদ্ধিতে অতীব জরুরী ।
৮. দুর্যোগ হ্রাস বিষয়ক শিক্ষা আমাদের সামগ্রিক শিক্ষা ব্যবস্থার অবিচ্ছেদ্য অংশ হওয়া উচিত এবং স্কুলের ভেতরে ও বাইরে সকল শিশুদের কাছে এটি অবশ্যই অধ্যয়নযোগ্য হতে হবে ।
৯. সকলেরই দুর্যোগ মোকাবেলায় সক্ষম হওয়া উচিত, বিশেষ করে যারা বিপদাপন্ন, যেমন- ঝুঁকি এলাকায় বসবাসকারী, প্রতিবন্ধী, নারী, শিশু ও বৃদ্ধদের ।
১০. দুর্যোগে রাত্তরীয় ও সামাজিক জরুরী সাড়া প্রদান কবলিত মানুষের মৌলিক দাবী নিশ্চিত করে ।
১১. আক্রান্ত জনগণকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য পুনরুদ্ধার ও পুনর্বাসন অত্যাবশ্যকীয়
১২. দুর্যোগের প্রভাব/ফলাফলকে হ্রাস করার জন্য নিরাপত্তামূলক অবকাঠামো সমূহ যেমন- বাঁধ, আগাম সতর্কীকরণ ব্যবস্থা আশ্রয় কেন্দ্র ইত্যাদি নিশ্চিত করা সকল কল্যাণমূলক রাষ্ট্রের নৈতিক দায়িত্ব ।
১৩. একটি নিরাপদ ও শান্তিপূর্ণ পৃথিবী সকলের কাম্য ।

আমাদের এই ঘোষণাকে গ্রহণ করতে এবং দুর্যোগ হ্রাসের জন্য শিক্ষা ও প্রস্তুতি বিষয়ে একত্রে হাতে হাতে রেখে কাজ করার ব্যাপারে সহযোগিতা করতে আমরা এশিয়ান যুব প্রতিনিধিরা আমাদের সরকার, জাতিসংঘ সহ সকল বেসরকারী প্রতিষ্ঠান, জনগোষ্ঠী ও বিশ্বের সকল ছাত্র- ছাত্রীদের আহবান করছি ।